গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ঢাকা সেনানিবাস, ঢাকা
www.dmlc.gov.bd

২৬ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ

নং: ২৩.২২.০০০০.০১১.১১.১৯৫.২০২০-৪১ তারিখ:----------

১০ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর ও এর আওতাভূক্ত এমইও অফিস সমূহের রাজস্বখাতভুক্ত ১২ নং গ্রেডের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদ পূরণের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:-

| পদের নাম | গ্রেড নং | জাতীয় বেতন স্কেল-২০১৫ | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার বাসিন্দা/নাগরিকগণের আবেদন করার প্রয়োজন নেই। |
|---|---|---|---|---|---|
| হিসাবরক্ষক | ১২ | ১১৩০০-২৭৩০০/- | ১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ সহ স্নাতক ডিগ্রি। কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | মুন্সিগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, ময়মনসিংহ, শেরপুর, চাঁদপুর, ফেনী, পাবনা, নওগাঁ, বগুড়া, গাইবান্ধা, কুড়িগ্রাম, খুলনা, বাগেরহাট, চুয়াডাঙ্গা, ঝালকাঠি ও পটুয়াখালী জেলা।<br>তবে সকল জেলার এতিম ও শারিরীক প্রতিবন্ধী প্রার্থী আবেদন করতে পারবেন। |

## শর্তাবলী

১। **মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬** বরাবর আবেদনপত্র আগামী **০২-০২-২০২১** তারিখের মধ্যে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নির্দিষ্ট তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপিও গ্রহণযোগ্য হবে না।

২। প্রার্থীকে এ অধিদপ্তরের ওয়েবসাইট www.dmlc.gov.bd থেকে চাকরির আবেদন ফরম Download করে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনের সাথে কোন সনদ/সনদের ছায়ালিপি সংযুক্ত করার প্রয়োজন নেই।

৩। **মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬** এর অনুকূলে ১০০/-(একশত) টাকা মাত্র নিম্নোক্ত কোড নম্বরে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করে চালানের মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে-

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ১ | ৯ | ৩ | ৫ | ০ | ০ | ৭ | ০ | ২ | ৩ | ৬ | ৬ |

৪। প্রার্থীর বয়স **০২-০২-২০২১** তারিখে সর্বোচ্চ ৩০(ত্রিশ) বৎসর। তবে শারীরিক প্রতিবন্ধী ও বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর।

৫। চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করে আবেদন করতে হবে এবং উক্ত অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

৬। মৌখিক পরীক্ষার সময় অবশ্যই সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

৭। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক/ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।

৮। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৯। আবেদনপত্রের সাথে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

৮। নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য সরকারের প্রচলিত সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে।

১০। কর্তৃপক্ষ উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

১১। নিয়োগ সংক্রান্ত এ বিজ্ঞপ্তির সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-
মহাপরিচালক
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।